

যশোরে ইয়ুথ এন্ডিং হান্সারের করোনাপ্রতিরোধের উদ্যোগ

যশোর জেলার মনিরামপুর উপজেলার দুর্বাডাঙ্গা ইউনিয়নের শ্যামনগর গ্রামের ইয়ুথ এন্ডিং হান্সার ইউনিটের উদ্যোগে করোনাভাইরাস প্রতিরোধের লক্ষ্যে গত ১৭ এপ্রিল জীবাণুনাশক ওষুধ ছিটানো হয়। শ্যামনগর গ্রামে বসবাসকারী ১,৬০০ জন মানুষকে করোনাভাইরাস থেকে সুরক্ষিত রাখতে তরুণদের এই উদ্যোগ। গ্রামের ২৫০টি বসত ভিটায় ইয়ুথ লিডার ফারুক আহম্মদ এর নেতৃত্বে আটজন ইয়ুথ লিডারের সহযোগিতায় জীবাণুনাশক ওষুধ ছিটানো হয়।



এছাড়াও একই উপজেলার মনোহরপুর ইউনিয়নের কপালিয়া গ্রামের ইয়ুথ এন্ডিং হান্সার ইউনিট ও গ্রাম উন্নয়ন দলের (ভিডিটি) উদ্যোগে গ্রামের নারীদের সাবান দিয়ে হাত ধোয়ার কৌশল শেখানো হয়। কার্যক্রমটির মধ্যদিয়ে গ্রামের ২০ জন নারী হাত ধোয়ার সঠিক পদ্ধতি জানতে পেরেছেন, যারা তাদের পরিবারের সকলের যথাযথভাবে হাত ধোয়া নিশ্চিত করবেন।



ইয়ুথ লিডার মোঃ আবু সাঈদের নেতৃত্বে উদ্যোগটি বাস্তবায়নে বিশেষ ভূমিকা রাখেন ইয়ুথ লিডার তাহমিনা, পলাশ, কাজল, গৌতম প্রমুখ।

বইপড়া প্রতিযোগিতা

ইয়ুথ এন্ডিং হান্সার জাতীয় ফোরামের আয়োজনে 'বইপড়া প্রতিযোগিতা' শুরু হয়েছে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদেরকে পঠিত বইয়ের উপর ৭০০ থেকে ১২০০ শব্দের একটি আলোচনা (রিজিউ) লিখতে হবে। প্রতি ১৫ দিনে বিজয়ী পর্যায়ে এবং প্রতি মাসে জাতীয় পর্যায়ে সেরা পাঠক নির্বাচন করা হবে।

সেরা পাঠকদের জন্য রয়েছে আকর্ষণীয় পুরস্কার!

প্রতিযোগিতার বিস্তারিত তথ্য জানতে ইয়ুথ এন্ডিং হান্সারের ফেসবুক গ্রুপ এবং দেইজ দেখুন।

সবাই মিলে শপথ করি করোনা ভাইরাসমুক্ত বাংলাদেশ গড়ি

মানুষের কল্যাণে বরিশালের তারুণ্য



বরিশালের বাবুগঞ্জ উপজেলার রহমতপুর ইউনিয়নের বাবুগঞ্জ এলাকায় ইয়ুথ এন্ডিং হান্সারের সেচ্ছাব্রতী তরুণ সদস্যরা নিজেদের এলাকাকে করোনা ভাইরাসের সংক্রমণের ঝুঁকি থেকে নিরাপদ রাখতে নানাবিধ উদ্যোগ গ্রহণ করেছে। ইয়ুথ এন্ডিং হান্সারের স্থানীয় নেতা শাকিল মাহমুদ হৃদয়ের নেতৃত্বে এলাকার কয়েকজন ইয়ুথ লিডারকে নিয়ে ১১ এপ্রিল করোনা ভাইরাস প্রতিরোধের লক্ষ্যে জীবাণুনাশক ছিটানো হয়।

এছাড়াও ইয়ুথ এন্ডিং হান্সারের সদস্যরা গত ৯ এপ্রিল এলাকার বিভিন্ন টিউবওয়েলে যথাযথভাবে হাত ধোয়ার জন্য সাবানের ব্যবস্থা করেন এবং এলাকার সাধারণ মানুষকে সচেতন করার জন্য প্রচারপত্র বিতরণ করেন।



সবাই মিলে শপথ করি করোনা ভাইরাসমুক্ত বাংলাদেশ গড়ি



উপদেষ্টা: ড. বদিউল আলম মজুমদার, নাহিমা আজার জলি
সম্পাদক: শশাঙ্ক বরণ রায়, আমজাদ হোসেন রাজিব
প্রকাশনায়: ইয়ুথ এন্ডিং হান্সার বাংলাদেশ
সহযোগিতায়: দি হান্সার প্রজেক্ট বাংলাদেশ

yeh.bd@thp.org

yeh.thpbd.org | thpbd.org

[facebook.com/YEHBD](https://www.facebook.com/YEHBD)

হেয়ার্ডিক হাইটস, ২/২, মিরপুর রোড, (লেভেল-৪)
ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।
ফোন: ৯১৩-০৪৯৯, ৯১২-২০৮৬

THE
HUNGER
PROJECT